

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-৩ শাখা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০৯১.০০৫.০০.০০.০০১.২০১২-৫৩

তারিখ : ১৬.০৭.২০১৭

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রতি বছরের ন্যায় ২০১৬-১৭ অর্থ বছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে ২০১৬-১৭ অর্থ বছরের ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরম আপলোড করা হয়েছে। www.lgd.gov.bd এর Form option থেকে নির্ধারিত ফরম ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, কারিগরী ত্রুটির ফলে ফরম ডাউনলোড করা সম্ভব না হলে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরিত ইউনিয়ন পরিষদ কর্মদক্ষতা মূল্যায়ন ফরমের হার্ড কপি সংগ্রহপূর্বক ফটোকপি করে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা যাবে। জেলা প্রশাসক বরাবর মূল্যায়ন ফরম ইতোমধ্যে প্রেরণ করা হচ্ছে।

এমতাবস্থায়, উক্ত ওয়েবসাইট থেকে নির্ধারিত ফরম ডাউনলোডপূর্বক স্ব স্ব অধিক্ষেত্রের ইউনিয়ন পরিষদসমূহ সরেজমিনে পরিদর্শনঅন্তে মূল্যায়ন করে জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরিত ফরমসমূহ আগামি ১০.০৮.২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।


১৬/০৭/১৭
(শিখা দত্ত)
সহকারী সচিব
ফোন : ৯৫৬৯০৩৬

উপজেলা নির্বাহী অফিসার

----- (সকল উপজেলা)।

সদয় জ্ঞাতার্থে :

- ০১। জেলা প্রশাসক ----- (সকল জেলা)।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৩। মহাপরিচালক(মইই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৪। যুগ্ম সচিব (মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।